আজ জাতীয় সংসদকে কালারফুল দেখাচ্ছে: স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশন শুরু হয়েছে রোববার (৭ জুন) বিকেলে। জাতীয় সংসদ ভবনে অধিবেশনের শুরুতেই সংসদ সদস্যদের উপস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন স্পিকার হাফিজ উদ্দিন। তিনি বলেন, আজ সংসদকে বেশ প্রাণবন্ত ও রঙিন লাগছে।

স্পিকার বিশেষভাবে নারী সংসদ সদস্যদের উপস্থিতির কথা উল্লেখ করে বলেন, তাদের অংশগ্রহণে অধিবেশন আরও পরিপূর্ণতা পেয়েছে। এ সময় তিনি নারী সদস্যদের অভিনন্দনও জানান।

সংসদের আনুষ্ঠানিক কার্যক্রম শুরুর আগে স্পিকার এবিএম আশরাফ উদ্দিন নিজানকে মোনাজাত পরিচালনার আহ্বান জানান। পরে মোনাজাতের মধ্য দিয়ে অধিবেশনের কার্যক্রম এগিয়ে নেওয়া হয়।

উল্লেখ্য, গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর বিএনপি নেতৃত্বাধীন সরকারের অধীনে এটি প্রথম বাজেট অধিবেশন। আগামী ১১ জুন ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রস্তাব সংসদে উপস্থাপন করবেন অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী।